



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্যের মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ট্রেজারার-এর শোক প্রকাশ



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের সাবেক অধ্যাপক ড. সৈয়দ গিয়াসউদ্দিন আহমেদ (৮৪) গত ১০ সেপ্টেম্বর ২০২১ রাজধানীর একটি হাসপাতালে বার্ষিক্যজনিত কারণে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন ( ইম্মা লিল্লাহি .....রাজিউন)।

তাঁর মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

উল্লেখ্য, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী ড. গিয়াসউদ্দিন আহমেদ ২০০৯ সাল থেকে ২০১৩ পর্যন্ত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও লোকপ্রশাসন বিভাগে প্রায় ৪০ বছর শিক্ষকতা করেছেন।

দেশ বরেন্য এই শিক্ষাবিদে দেশ-বিদেশে অসংখ্য মৌলিক গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগ প্রতিষ্ঠায় তিনি ছিলেন অন্যতম পুরোধা ব্যক্তিত্ব। এই শিক্ষক ও গবেষক বিভাগীয় চেয়ারম্যান, কবি জসীম উদ্দীন হলের প্রাধ্যক্ষসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অত্যন্ত সততা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।